60

দৈনিক সংবাদ

তারিখ 13 FEB 1996
পৃষ্ঠা ৫ কলাম ৫

### করটিয়া সাদত বিশ্ববিদ্যালয় কলেজ

# আসন সংখ্যার অভাবে ৬ সহস্রাধিক ছাত্রছাত্রী ভর্তি হতে পারছে না

টাঙ্গাইল, ১২ই ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।– ভর্তি প্রার্থীর তুলনায় আসন সংখ্যা কম হওয়ায় করটিয়া সাদত বিশ্ববিদ্যালয় কলেজে চলতি শিক্ষাবর্ষে ৬ হাজারেরও বেশি ছাত্র-ছাত্রী স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তি হতে পারবে না।

সরকারি সাদত বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষের কার্যালয় সূত্রে জানা গেছে, এই কলেজে ৬টি বিষয়ে সম্মান শ্রেণীতে আসন সংখ্যা সাড়ে ৮শ'। প্রায় ৭ হাজার ছাত্র-ছাত্রী এই আসনে ভর্তির জন্য আবেদনপত্র জমা দিয়েছে। বিভাগগুলো হচ্ছে অর্থনীতি, প্রাণিবিদ্যা, বাংলা বিভাগ, ইতিহাস ও হিসাব বিজ্ঞান। সূত্রে বলা হয়, ভর্তিচ্ছুদের আবেদনের যোগ্যতা চাওয়া হয় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে দ্বিতীয় বিভাগ অথবা মাধ্যমিক তৃতীয় বিভাগ থাকলে উচ্চ মাধ্যমিকে প্রথম বিভাগ এবং সংশ্লিষ্ট বিষয়ে শতকরা ৪৫ ভাগ নম্বর। সূত্র জানান, প্রায় প্রতিটি বিষয়ে ভর্তির জন্য একাধিক স্টার মার্কসপ্রাপ্ত প্রার্থীরা আবেদন করেছে। অর্থনীতি বিভাগে ১শ' ৭৫টি আসনের বিপরীতে ৩শ' ৫০ জন এবং বাংলা বিভাগে ৮০টি আসনের জন্য ১শ' ৩২ জন ডবল প্রথম বিভাগ প্রাপ্ত ছাত্রছাত্রী ভর্তির আবেদন করেছে। অন্যান্য বিষয়েও একই অবস্থা।

অধ্যক্ষের কার্যালয়ের ওই সূত্র জানান, আসন সংখ্যার চাইতে ভর্তি প্রার্থীর সংখ্যা অনেক বেশি হওয়ায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট বিভিন্ন বিষয়ে সম্মান শ্রেণীতে আসন সংখ্যা বাড়ানোর আবেদন জানানো হয়েছিল। ওই সাথে আরও কয়েকটি বিষয়ে সম্মান শ্রেণী খোলার অনুমতি দানের জন্যও আবেদন জানানো হয় কিন্তু জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব কোন কিছুতেই কর্ণপাত করেননি। তারা জানিয়েছেন আসন বাড়ানো বা নতুন কোন বিষয়ে সম্মান শ্রেণী খোলার জন্য তারা এখন অনুমতি দেবেন না।

এ ব্যাপারে যোগাযোগ করা হলে কলেজের অধ্যক্ষ তাহের উদ্দীন আহমেদ জানান, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আসন সংখ্যা বাড়ানো তো নয়ই বরং আরো কমানোর কথা বলছে। তিনি জানান, শিক্ষা মন্ত্রণালয় সরকারি সাদত বিশ্ববিদ্যালয় কলেজে ১২টি বিষয়ে সম্মান শ্রেণী চালু করার অনুমতি দিয়েছে কিন্তু জাতীয় বিশ্ববিদ্যালয় ৬টি নতুন বিষয়ে সম্মান শ্রেণী খুলতে দিচ্ছে না নানা পূর্ব শর্ত জুড়ে দিয়ে। তিনি এ অবস্থার সুষ্ঠু সমাধান কামনা করেন।